

Government of West Bengal  
Department of Health & Family Welfare  
Health System Development Initiative  
Swasthya Bhawan, 4<sup>th</sup> Floor,  
GN-29, Sector-V, Bidhannagar,  
Kolkata-700 091

No. HFW/HSDI 90 06

Date : 22<sup>nd</sup> March. 2006

From : Shri H.K. Dwivedi. I.A.S.  
Project Director (HSDI) & e.o. Special Secretary.  
Department of Health & Family Welfare.  
Government of West Bengal.

To : Dr. Shibani Goswami.  
Project Officer.  
Health. SUDA.

Madam,

Kindly refer to your letter no. SUDA-Health/DFID/04/716 dated 2.2.2006 regarding Continuation of the DFID assisted Honorary Health Worker Scheme(HHW) in 11 Non-KMA Urban Local Bodies (ULB)s beyond 31.03.06.

The matter has been examined by the department and I am directed to communicate that the department has agreed in principle to extend the Honorary Health Worker Scheme being implemented in 11 non-KMA Municipalities of the State under the Health System Development Initiative (DFID Funded Programme) for a further period of one year w.e.f 1.4.2006. Necessary funds required for the year 2006-2007 will be released in favour of you after your Budget Proposal is duly approved by the department.

This is for your kind information and necessary action.

Yours faithfully,

(H.K. Dwivedi)

No. HFW/HSDI/90(3)/06

Date : 22<sup>nd</sup> March, 2006

Copy forwarded for information to :

1. The Secretary, Municipal Affairs Department, Government of West Bengal
2. The Joint Secretary, HSDI
3. The Joint Director, Accounts, Health & Family Welfare

(H.K. Dwivedi)

GOVERNMENT OF WEST BENGAL  
HEALTH & FAMILY WELFARE DEPARTMENT  
P.H.P. BRANCH

No. HF/O/PHP/656/O-23/98

Dated, 25<sup>th</sup> October, 2002

RESOLUTION

Many Urban Local Bodies in West Bengal implement Family Welfare, immunization and public health programmes under various externally aided Projects or centrally sponsored schemes with or without the involvement of Health & Family Welfare Department, Government of West Bengal. The Kolkata Metropolitan Development Authority (KMDA) undertakes Reproductive & Child Health related activities in Kolkata Metropolitan Area (KMA) under assisted Projects like CUDP-III, IPP-VIII and CSIP. The CUDP-III initiated during the year 1984-85 under Urban Development Department, the IPP-VIII in 1994-95 under Municipal Affairs Department and CSIP during the year 1991-92 under Urban Development Department are in operation covering 5.6 million of the urban poor residing in slums or in similar conditions in the KMA.

2. The broad objectives of the said assisted projects are improvement of health of the mother & child and fertility regulation of the target beneficiaries. These projects follow the identical model and have an established network of health infrastructure viz., 6080 Blocks, 1216 Sub-centres, 177 Health Administrative Units, 22 Maternity Homes, 31 ESOPDs and 8 Regional Diagnostic Centres in KMA covering 37 Municipalities and 3 Municipal Corporations. Through the aforesaid health infrastructure, substantial number of health functionaries from the grass-roots level upto the referral units are engaged. 6080 grass roots level workers, designated as Honorary Health Workers (HHWs), play a key role in delivering the services in house-to-house visit covering 200 families each. Besides, there are Supervisors, part-time Medical Officers, Nursing personnel and Specialists to provide various services to the beneficiaries through a network of health facilities.

3. The said health functionaries of the Urban Local Bodies are not always involved in the activities under different National Public Health Programmes like Revised National Tuberculosis Control Programme (RNTCP), National Leprosy Elimination Programme (NLEP), National Blindness Control Programme (NBCP), etc. The morbid conditions and the mortality rates due to the aforesaid conditions continue to be a matter of concern.

4. The Department of Health & Family Welfare, Government of West Bengal implements Family Welfare, immunization and public health activities through the state level & district level Programme Officers under the overall guidance & control of District Health & Family Welfare Samiti. Involvement of health functionaries working in the urban areas in the implementation of national public health programmes will certainly help improve the effectiveness of these programmes in the urban areas. Therefore, it is essential that all health activities in the urban areas are properly integrated with the on-going Family Welfare, immunization and public health programmes under the guidance of the Health & Family Welfare Department.

5. The Chairpersons of Municipalities are the Members of the District Health & Family Welfare Samiti, which has been entrusted with the responsibilities for implementation, supervision and coordination of all health activities and health projects. The integration of all activities will be effected through the Samiti. Further, at the Municipal level, a separate Committee under the leadership of the Chairperson of Municipality has also been constituted to ensure coordination and integration of all health activities and health projects in the urban areas. Modalities for integration of all health activities will be discussed and finalized by every District Health & Family Welfare Samiti in consultation with the Municipal level Health & Family Welfare Committees in the district.

6. From now on it will be incumbent upon all concerned at the state level, district level and municipal level to actively involve the health functionaries of the Urban Local Bodies in all Family Welfare, immunization and public health activities, and to effectively integrate health related functions of the Urban Local Bodies with the on-going activities of the Health & Family Welfare Department.

7. This order issues with the concurrence of the Municipal Affairs & Urban Development Departments.

*Sd/-*  
(Asim Barman)  
Principal Secretary  
Health & F.W. Department  
Government of West Bengal



# গাইড লাইন

পশ্চিমবঙ্গ স্বাস্থ্য পরিষেবা পদ্ধতির উন্নয়নের উদ্যোগ



বৃহত্তর কলকাতা এলাকার বাইরে ১১ টি  
পৌরসভায় স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের  
সম্প্রসারণের পাইলট প্রজেক্ট  
২০০৪



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ এবং সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল, পুরদপ্তর  
পশ্চিমবঙ্গ সরকার



**গাইড লাইন**  
**বৃহত্তর কলকাতা এলাকার বাইরে ১১ টি পৌরসভায়**  
**স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের সম্প্রসারণ**

**ভূমিকা**

পূর্বে যে সব কমিউনিটি ভিত্তিক স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী প্রকল্প রূপায়িত হয়েছে, পশ্চিমবঙ্গ সরকার তার সেইসব উৎসাহ ব্যঞ্জক অভিজ্ঞতার ভিত্তিতে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমটি শহরের অন্যান্য প্রচলিত স্বাস্থ্য ব্যবস্থার সাথে সমন্বয় ঘটিয়ে পূর্ণ রূপ দেবার চেষ্টা করছেন যাতে কোনো স্বাস্থ্য ব্যবস্থাই সমান্তরাল ও বিচ্ছিন্ন না থাকে। এই মর্মে কিছুটা রূপান্তরিত একটি পরিকল্পনা বৃহত্তর কলকাতার বাইরে ১১ টি পৌরসভায় চালু করার কাজ শুরু হয়েছে। ৮ টি জেলায় অবস্থিত এই পৌরসভাগুলি হচ্ছে - কোচবিহার, জঙ্গিপুর, বহরমপুর, সিউরি, বোলপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, কালনা, কৃষ্ণনগর ও মেদিনীপুর।

রাজ্য সরকার এই রূপান্তরিত স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীম পরীক্ষামূলক পরিকল্পনা হিসাবে সরকারের সুপারিকল্পিত স্বাস্থ্য পরিষেবার কাঠামোর মধ্যে সম্মিলিত করে স্বাস্থ্য পরিষেবার পরিধি শহর এলাকায় প্রসার করতে চান। এই মর্মে শহরে দরিদ্রদের প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা দেওয়া, সাথে সাথে জেলার স্বাস্থ্য পরিষেবা গুলির সুযোগ সুবিধার সঙ্গে সংযোগ ও একত্রিকরণ করার উদ্দেশ্যই প্রধান।

এইচ.এইচ.ডব্লিউ. স্কীমে আর.সি.এইচ. বার্তা দেওয়া ছাড়াও সংক্রামিত রোগ, ব্যক্তিগত স্বাস্থ্য, পরিষ্কার-পরিচ্ছন্নতা, অপুষ্টিজনিত রোগ, বয়ঃসন্ধিকালীন কিশোরীদের স্বাস্থ্যের সচেতনতা ও পরিষেবা, পরিবারের স্বাস্থ্য উন্নতির লক্ষ্যে পুরুষদের অংশগ্রহণ এবং বিভিন্ন ধরনের রোগের সনাক্তকরণ করে তাড়াতাড়ি চিকিৎসা ইত্যাদি বিষয়েও জনসাধারণকে সচেতন করা হবে। স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্রথম সারির পরিদর্শিকারা নিজ নিজ এলাকায় রোগ প্রতিরোধ এবং চিকিৎসার পরামর্শ দেওয়ার ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করবেন।

তারা কিছু ওষুধ, পরিবার পরিকল্পনার জন্য কন্ডোম, ওরাল পিল, ডায়ারিয়ার জন্য ও.আর.এস. প্যাকেট ইত্যাদি সরঞ্জাম সাথে রাখবেন। সুডতে স্থাপিত সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.) রাজ্য সরকারের স্বাস্থ্য বিষয়ক প্রোগ্রাম অফিসের সঙ্গে সংযোগ রক্ষা করবেন।

**২. প্রকল্পটির লক্ষ্য**


- (ক) কমিউনিটি ভিত্তিক স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর মাধ্যমে দারিদ্র সীমার নীচে থাকা মানুষের স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়ন।
- (খ) স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীরা হবেন জনসমষ্টির সাথে স্বাস্থ্যপরিষেবার প্রথম সংযোগ। তারা প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা ও রেফারেল পরিষেবার সাথে যোগাযোগ করিয়ে দেবেন।
- (গ) পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ পরিচালিত জেলা স্বাস্থ্য পরিষেবা অফিস ও হাসপাতাল গুলির সাথে মিউনিসিপ্যালিটির স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার সমন্বয়।

- (ঘ) প্রকল্পের জন্য ব্যয় স্বাস্থ্যের উন্নতির নিরিখে কতটা উপযুক্ত হয়েছে তা শিক্ষা লাভ করা যাবে এবং এটাই হবে অন্যান্য সূত্রে অর্থ লাগানোর ভিত্তি।
- (ঙ) উন্নতির লক্ষ্যে যে ভাল শিক্ষাগুলো এই প্রকল্প থেকে পাওয়া যাবে তা রাজ্যের দরিদ্র শহরবাসীর স্বাস্থ্য পরিষেবার জন্য পরিকল্পনা পরিকাঠামো তৈরী করতে সাহায্য করবে।
- (চ) এই প্রকল্পের অভিজ্ঞতা ডি.এফ.আই.ডি. ও অন্যান্য অর্থ সাহায্যকারী সংস্থাকে দীর্ঘমেয়াদী প্রোগ্রামে সাহায্যের জন্য আগ্রহী করবে।

### ৩. নোডাল এজেন্সী

স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সী (এস.ইউ.ডি.এ.)-কে এই স্কীম রূপায়ণ ও পরিদর্শনের ভার দেওয়া হয়েছে।

### ৪. সাংগঠনিক পরিকাঠামো





### ৪.১. কমিউনিটি স্তরে

- প্রত্যেক পৌরসভায় দারিদ্রসীমার নিচে থাকা ১০০০ জনসমষ্টি নিয়ে ১টি ব্লক তৈরী হবে।
- একজন মহিলা স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী প্রত্যেকটি ব্লকের জনসমষ্টি থেকে নির্বাচিত করতে হবে যে প্রতিনিয়ত নির্দিষ্ট ব্লকে জনসংযোগ রাখবে।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর বয়স ৩৫ - ৪৫ বছর হবে, নূন্যতম শিক্ষার মান অষ্টম শ্রেণী পাশ ও সামাজিক কাজে অভিজ্ঞতা বাঞ্ছনীয়।
- নির্বাচিত হওয়ার পরে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া হবে।
- প্রতিদিন ১৫ - ২০ টি পরিবার পরিদর্শন করবে এবং স্বাস্থ্য বিষয়ক তথ্য অনুসন্ধান করে ফ্যামিলি সিডিউলে লিপিবদ্ধ করবে। একই সাথে জনগণকে মা ও শিশুর বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা গ্রহণে সচেতন করবে, ছোটোখাটো অসুখের এবং ও.আর.এস. দিয়ে ডায়ারিয়ার চিকিৎসা বাড়িতেই দেবে।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী সমস্ত গর্ভবতী মা এবং যাঁরা বড় অসুখে-বিসুখে ভুগছেন তাদের সাব-হেল্থ পোস্টে পাঠাবার ব্যবস্থা করবে।
- আয়রন ফলিক অ্যাসিড বড়ি গর্ভবতী ও প্রসূতি মায়েদের, ৫ বছরের নীচে বাচ্চাদের এবং যুবতীদের দেওয়ার ব্যবস্থা করবে।
- বাচ্চাদের ও যুবতীদের কৃমির চিকিৎসার ব্যবস্থা করবে।

### ৪.২. সাব-হেল্থ পোস্ট

- ◆ কমবেশী ৫টি ব্লক নিয়ে একটি উপস্বাস্থ্য কেন্দ্র (সাব-হেল্থ পোস্ট) তৈরী হবে। আনুমানিক ৫০০০ জনসংখ্যা এর আওতায় আসবে।
- ◆ এই কেন্দ্র স্থাপনের জন্য পৌরসভাকে উপযুক্ত জায়গা (যেমন - কোনো ঘর, ক্লাব, কমিউনিটি হল, পৌরসভার ঘর ইত্যাদি) এলাকার মধ্যে নির্দিষ্ট করতে হবে যেখানে রোগীদের পরীক্ষা করা হবে এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে।
- ◆ প্রতি কেন্দ্রের দায়িত্বে থাকবে একজন প্রথম সারির মহিলা পরিদর্শিকা।
- ◆ স্বাস্থ্যকর্মী দ্বারা প্রেরিত রোগীদের চিকিৎসা এই সাব-হেল্থ পোস্ট থেকে হবে।

### ৪.৩. সাব-হেল্থ পোস্ট স্তরে পরিষেবা

- ❖ গর্ভবতী ও প্রসূতি মায়েদের ডাক্তার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা।
- ❖ গর্ভবতী ও প্রসূতি মায়েদের বিপদ সংকেত / জটিলতা সনাক্তকরণ ও তাদের রেফারেলের ব্যবস্থা করা।
- ❖ গর্ভবতী মায়েদের এবং শিশুদের রোগ প্রতিষেধক টীকাকরণ।
- ❖ ৫ বছরের নিচে বাচ্চাদের ভিটামিন - 'এ' অয়েল খাওয়ানো।
- ❖ জন্ম থেকে ৫ বছর পর্যন্ত বাচ্চাদের ওজনের গতিরেখা লক্ষ্য রাখা।
- ❖ স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী দ্বারা প্রেরিত রোগীদের সাধারণ অসুখ বিসুখে ডাক্তার দ্বারা চিকিৎসা এবং জটিলতাপূর্ণ রোগীদের রেফারেলের ব্যবস্থা করা।



- ❖ ম্যালেরিয়া, যক্ষা, কুষ্ঠ এবং অন্যান্য সংক্রামক ব্যাধির চিকিৎসার জন্য যাঁরা ওষুধপত্র পাচ্ছেন তাঁদের দেখাশুনা করা।
- ❖ জন্ম নিরোধক বড়ি এবং কন্ডোম বিতরণ।
- ❖ যে সব ওষুধ স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীরা ব্যবহার করবে সেই ওষুধগুলো মজুত রাখা ও তাদের সময়মতো বিতরণ করা।
- ❖ বিভিন্ন বিষয়ে বিশেষত মা ও শিশুর স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার জন্য আলোচনা সভার আয়োজন করা।

#### 8.8. হেল্থ পোস্ট

- ✓ প্রতি পৌরসভায় একটি হেল্থ পোস্ট থাকবে।
- ✓ হেল্থ পোস্ট স্থাপনের জন্য পৌরসভাকে জায়গা নির্দিষ্ট করতে হবে।
- ✓ এর দায়িত্বে থাকবে মিউনিসিপ্যাল হেল্থ অফিসার। সাথে থাকবে ২ (দুই) জন পাট টাইম মেডিক্যাল অফিসার, ২ (দুই) জন নার্স, ১ (এক) জন স্টোর কিপার কাম ক্লার্ক ও ১ (এক) জন অ্যাটেন্ডেন্ট।
- ✓ হেল্থ পোস্টে একটি সাব হেল্থ পোস্ট-এরও কাজ চলবে।
- ✓ হেল্থ পোস্টে ওষুধপত্র এবং চিকিৎসার জন্য যন্ত্রপাতি ইত্যাদি রাখা হবে।

#### 8.৫. হেল্থ পোস্ট স্তরের পরিষেবা

- ✘ হেল্থ অফিসার, পাট টাইম মেডিক্যাল অফিসার, প্রথম সারির পরিদর্শিকা এবং স্বাস্থ্য কর্মীদের নিয়ে মাসে একবার আলোচনা সভা বসবে।
- ✘ হেল্থ পোস্ট ভিত্তিক মাসিক রিপোর্ট তৈরী করা হবে এবং ঐ রিপোর্ট সুডায় অবস্থিত সি.সি.সি. - তে পাঠাতে হবে।
- ✘ মা ও শিশুর স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার বিবিধ অনুষ্ঠান হবে।
- ✘ কমিউনিটি ও মহিলা জননেত্রীদের নিয়ে স্বাস্থ্য পরিষেবা ও সচেতনতা বিষয়ক আলোচনা সভার ব্যবস্থা করা হবে।
- ✘ জন্ম নিরোধক বড়ি এবং কন্ডোম বিতরণ করা হবে।
- ✘ হেল্থ অফিসার / অ্যাসিস্ট্যান্ট হেল্থ অফিসার (যেখানে হেল্থ অফিসার নেই) দ্বারা বর্হিবিভাগ চিকিৎসা পরিষেবার ব্যবস্থা। পাট টাইম মেডিক্যাল অফিসাররা তাদের সাব হেল্থ পোস্টের কাজ ছাড়াও প্রয়োজনমত বর্হিবিভাগ চিকিৎসা পরিষেবায় অংশগ্রহণ করবেন।
- ✘ কঠিন অসুখে আক্রান্তদের সরকারী বা বেসরকারী হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানোর ব্যবস্থা করবেন।

#### 8.৬. রেফারেল পরিষেবা

- \* রেফারেলের জন্য নিকটবর্তী সরকারী / বেসরকারী কিংবা পৌরসভার স্বাস্থ্য সংস্থার সাথে যোগাযোগ রেখে রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হবে।
- \* রোগীদের হাসপাতালে পাঠানোর জন্য অ্যাম্বুলেন্স পরিষেবা তৈরী করা হবে।



## ৪.৭. ধারাবাহিকতা রক্ষা

প্রকল্পের ধারাবাহিকতা রক্ষার জন্য পৌরসভার করণীয় কাজ :

- \* স্বাস্থ্য পরিষেবা এক বছর পরেও চালু রাখা।
- \* পরিবার ভিত্তিক মাসে ২ টাকা করে চাঁদা তোলা।
- \* এন.এস.ডি.পি. ফান্ড থেকে স্বাস্থ্যের জন্য অনুমোদিত অংশ নেওয়া।
- \* পৌরসভায় হেল্থ ফান্ড তৈরী করা।
- \* এই প্রকল্পের কাজে জনসমষ্টি, এন.জি.ও. এবং স্থানীয় ক্লাব ইত্যাদির অংশ গ্রহণ সুনিশ্চিত করা।
- \* সরকারী/আধা সরকারী/বেসরকারী সংস্থা ও প্রোগ্রামের সাথে সংযোগ স্থাপন ও একত্রিকরণ।

## ৪.৮. সমন্বয়

সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.), রাজ্যের স্বাস্থ্য বিভাগ (ডি.এইচ.এফ.ডব্লিউ.) এবং স্বাস্থ্য ডাইরেক্টরেটের বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার সাথে পুরবিষয়ক বিভাগ (এম.এ.ডি.) ও অন্যান্য পরিষেবাকারীদের যথা আই.সি.ডি.এস., প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ, এন.জি.ও., সিভিল সোসাইটি এবং বেসরকারী সংস্থা ইত্যাদির সাথে সমন্বয় সাধন করবে। এছাড়া, মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.) জেলা স্তরে স্বাস্থ্য বিভাগের সরকারী অফিস ও সরকারী হাসপাতালগুলির এবং বেসরকারী স্বাস্থ্য পরিষেবার সাথে পৌরসভার স্বাস্থ্য পরিষেবার সমন্বয় ঘটাবে। উপরন্তু এম.এম.সি. জেলাস্তরে যে সব পরিষেবা আছে যেমন আই.সি.ডি.এস., প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা, এন.জি.ও., সিভিল সোসাইটি ও বেসরকারী সংস্থার সাথেও পৌরসভার স্বাস্থ্য পরিষেবার সংযোগ ও সমন্বয় করবে।

**রাজ্য এবং পৌরসভা স্তরে উপদেষ্টা / কনসালটেন্ট কমিটি গঠন করা হবে**

## ৪.৯. রাজ্য স্তরে পুরবিষয়ক বিভাগ দ্বারা গঠিত অ্যাপেল্ল অ্যাডভাইসরি কমিটি

রাজ্যস্তরের এই কমিটি স্কীমের পরিকল্পনা, পরিচালনা ও দেখাশুনা করবেন এবং সাথে সাথে কাজের মূল্যায়ন করবেন। এর জন্য উপযুক্ত নথি তৈরী করে এই পাইলট স্কীম সম্বন্ধে খবরাখবর বিস্তার করবেন। এই স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমে প্রয়োজনমত কিছু পরিবর্তন করে অন্যান্য শহরাঞ্চলেও বিস্তার করার জন্য এই অ্যাডভাইসরি কমিটি কেন্দ্রীয় সরকার ও অর্থ সাহায্যকারী এজেন্সীদের সাথে আলোচনা করবেন। এছাড়া, এই কমিটি দরিদ্রদের জন্য অন্যান্য শহরে স্বাস্থ্য প্রকল্প, স্কীম রচনার বা পদক্ষেপ নেওয়ার জন্য সহায়তা করবেন। এই কমিটির প্রতিনিধি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্য সচিবের সভাপতিত্বে গঠিত রাজ্যস্তরের সমন্বয় কমিটি (এস.এল.সি.সি.)-তে অংশগ্রহণ করবেন। ডি.এইচ.এফ.ডব্লিউ., অর্থ সহায়ক মাধ্যমগুলির মধ্যে এবং রাজ্যের বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধন করার জন্য এই এস.এল.সি.সি. গঠন করা হয়েছে যাতে স্বাস্থ্য পরিষেবার প্রায় ও স্বাস্থ্য দপ্তরের প্রয়োজনমতো সুপারিকল্পিত সংস্কার সাধন করা যায়।

৪.১০. রাজ্য স্তরের কমিটি গঠনের পরিকাঠামো ক্রোড়পত্র নং - ১-এ দেওয়া হল।

## ৪.১১. পৌরসভা স্তরে কমিটি গঠন

ইতিমধ্যে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ প্রতি পৌরসভা ভিত্তিক (কোলকাতা কর্পোরেশন ছাড়া) একটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি গঠন করেছেন। এই স্কীমের অন্তর্গত ১১টি পৌরসভায়



গঠিত এই কমিটি তাদের নিজ নিজ পৌরসভার স্বেচ্ছাসেবী স্বাস্থ্য প্রকল্পের তৃণমূল স্তর থেকে পরিকল্পনা রচনা ও কাজ চালু করার বিষয়গুলি দেখাশুনা করবেন। জেলাশাসক তাঁর একজন প্রতিনিধিকে (অতিরিক্ত জেলাশাসক অথবা সাব ডিভিসনাল অফিসার) এই স্কীমের জন্য প্রজেক্ট ডাইরেক্টর হিসাবে নিয়োজিত করবেন। প্রতি পৌরসভার প্রজেক্ট ডাইরেক্টর নিচে বর্ণিত কমিটিগুলি ও পরিষেবা গুলির সাথে সংযোগস্থাপন করবেন :

- ✳ রাজ্য এবং পৌরসভা স্তরে কমিটি,
- ✳ সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.) এবং মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.),
- ✳ পৌরসভার অন্তর্গত বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার কাজগুলি জেলার সংশ্লিষ্ট স্বাস্থ্য বিভাগের সাথে সংযোগ স্থাপনের ও রেফারেলের মাধ্যমে কার্যকরি করতে সহায়তা করবেন।

৪.১২. পৌরসভা স্তরে কমিটি গঠনের পরিকাঠামো ক্রোড়পত্র নং - ২-এ দেওয়া হল।

৫. সেল গঠন

৫.১. পূর বিষয়ক দপ্তর কর্তৃক স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সীতে (এস.ইউ.ডি.এ.) এই স্কীমের জন্য সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.) গঠন করা হয়েছে।

উক্ত সেলের গঠন ক্রোড়পত্র নং - ৩-এ দেওয়া হল।

৫.২. এই স্কীমের অন্তর্ভুক্ত ১১টি পৌরসভার প্রতিটিতে একটি করে মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.) গঠন করা হয়েছে।

উক্ত সেলের গঠন ক্রোড়পত্র নং - ৪-এ দেওয়া হল।

৬. ডি.এইচ.এফ.ডব্লিউ., সি.সি.সি., পৌরসভা ভিত্তিক হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটি, এম.এম.সি., সি.এম.ও.এইচ. এবং অন্যান্য জেলা ও সাব-ডিভিশনের হেল্থ অফিস এবং সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টদের ভূমিকা ও দায়িত্ব ক্রোড়পত্র নং - ৫-এ দেওয়া হল।

৭. সি.সি.সি., এম.এম.সি., হেল্থ পোস্ট, সাব হেল্থ পোস্ট এবং ব্লকের সকল কর্মীদের আলাদা আলাদা ভূমিকা ও দায়িত্ব ক্রোড়পত্র নং - ৬-এ দেওয়া হল।

৮. স্কীমের আওতায় জনগোষ্ঠীর নির্দিষ্টকরণ

জেলাশাসক দ্বারা অনুমোদিত পৌরসভাগুলি সম্প্রতি পরিবর্তিত বি.পি.এল. তালিকার এক কপি সি.সি.সি.-কে পাঠাতে হবে।

এই পরিবর্তিত বি.পি.এল. তালিকার জনগোষ্ঠীকে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের আওতায় নেওয়া হবে। উক্ত জনগোষ্ঠীকে স্কীম সম্বন্ধে আগে থেকে জানাতে হবে এবং অংশগ্রহণমূলক পদ্ধতির মাধ্যমে স্বাস্থ্যের জন্য জনগণের প্রয়োজন অনুসন্ধান করে প্রস্তাবনা রচনা করা হবে।

৯. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর সংখ্যা নির্ধারণ, নির্বাচন ও নিয়োগ

- ✳ পৌরসভার আউট লাইন ম্যাপে বিভিন্ন ওয়ার্ড গুলি পরিষ্কার সীমা রেখা দিয়ে চিহ্নিতকরণ।
- ✳ ওয়ার্ড ভিত্তিক বি.পি.এল. জনসংখ্যা ম্যাপে বসান।
- ✳ এরপর স্কীমের জন্য ব্লক তৈরী করা। ব্লক তৈরীর পদ্ধতি নিচে দেওয়া হল :

\* একটি ব্লকে আনুমানিক ১০০০ জনসংখ্যা থাকবে।



- \* ব্লক গণনা শুরু হবে ১ নং ওয়ার্ড থেকে, ক্রমে ২, ৩, ৪, \_\_\_\_\_ ওয়ার্ডে এগোবে।
- \* ব্লকের নং ক্রম অনুযায়ী হবে।
- \* কোনো ওয়ার্ডে ১০০০ জনসংখ্যা নিয়ে ব্লক তৈরী করার পরেও যদি জনসংখ্যা অবশিষ্ট থেকে যায়, তাহলে নিকটবর্তী ওয়ার্ডের জনসংখ্যার সাথে মিলিয়ে পরের নতুন ব্লক তৈরী হবে।
- \* এইভাবে সমস্ত বি.পি.এল. জনসংখ্যা ম্যাপে বসিয়ে স্কীমের জন্য ব্লক তৈরী হবে এবং ক্রমিক নং দেবার পর স্বাস্থ্যকর্মীর সংখ্যা নির্ধারণ হবে। প্রতি ব্লকের জন্য একজন মহিলা স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী থাকবে।
- \* উপরন্তু নির্ধারিত স্বাস্থ্যকর্মী সংখ্যার ৩০ শতাংশ অতিরিক্ত স্বাস্থ্যকর্মী নির্বাচন করতে হবে।
- \* যোগ্যতা অনুযায়ী তালিকা প্রস্তুত করে অতিরিক্ত স্বাস্থ্যকর্মীদের প্যানেল প্রার্থী হিসাবে রাখা হবে। অতিরিক্ত স্বাস্থ্যকর্মী নেওয়ার কারণ :
  - ◆ নিয়মিত স্বাস্থ্যকর্মীরা ৬ মাস কাজ করার পর প্রতি ৫ জন স্বাস্থ্যকর্মী পিছু ১ জন করে প্রথম সারির পরিদর্শিকা (এফ.টি.এস.) নির্বাচিত হবে। এর ফলে যে শূন্য পদের সৃষ্টি হবে তা পূরণের জন্য ২০ শতাংশ অতিরিক্ত স্বাস্থ্যকর্মী প্যানেল প্রার্থী হিসাবে রাখা হবে।
  - ◆ বাকি ১০ শতাংশ অতিরিক্ত স্বাস্থ্যকর্মী রাখা হবে যদি কোনো রেগুলার স্বাস্থ্যকর্মী কাজ ছেড়ে দেয় সেই শূন্যপদ পূরণের জন্য।
- \* প্যানেল তালিকার ক্রম অনুযায়ী স্বাস্থ্যকর্মী শূন্যপদ যখন যেমন হবে তা পূরণ করতে হবে।

### ১০. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী নির্বাচনের মাপকাঠি

- \* স্কীমের জন্য তৈরী করা নির্দিষ্ট ব্লক থেকে সেই ব্লকের স্বাস্থ্যকর্মী নির্বাচন করতে হবে।
- \* প্রার্থীকে অবশ্যই মহিলা হতে হবে, বয়স ৩৫ - ৪৫ বছরের মধ্যে।
- \* নূন্যতম অষ্টম শ্রেণী পাশ।
- \* সামাজিক কাজ করার আগ্রহ এবং অভিজ্ঞতা বাঞ্ছনীয়।

### ১১. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী নির্বাচনের পদ্ধতি

- ❖ স্বাস্থ্যকর্মী নির্বাচনের ব্যাপারটি বোর্ড অফ কাউন্সিলরস মিটিং - এ তুলতে হবে।
- ❖ কমিউনিটি মহিলাদের থেকে প্রার্থী পদের জন্য আহ্বান জানিয়ে নোটিশ বোর্ডে নোটিশ জারি করতে হবে।
- ❖ পৌরসভাতে গঠিত হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ.কমিটি স্বাস্থ্যকর্মী নির্বাচনের মূল দায়িত্বে থাকবেন।
- ❖ হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ.কমিটি সেক্রেটারি - কনভেনর, পৌর প্রধানের পরামর্শ নিয়ে ৪ - ৫ সংখ্যার একটি নির্বাচনী সাব-কমিটি গঠন করবেন। যার কাজ হবে মূল নির্বাচনের জন্য প্রাথমিক স্বাস্থ্য কর্মী নির্বাচন ও তালিকা তৈরী করা।

- ❖ হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটি স্বাস্থ্যকর্মীর ঐ প্রাথমিক তালিকা থেকে মূল নিয়মিত স্বাস্থ্যকর্মী নির্বাচন করবেন।
- ❖ গুণগত মান অনুযায়ী প্রতি ব্লক ভিত্তিক স্বাস্থ্যকর্মী নির্বাচিত হবে। অতিরিক্ত স্বাস্থ্যকর্মীদের (প্যানেল) জন্য একটি আলাদা তালিকা তৈরী করা হবে।
- ❖ প্রার্থীদের জ্ঞাতার্থে এবং নির্ধারিত দিনে ট্রেনিং-এ আসার জন্য উপরিউক্ত নির্বাচিত নিয়মিত স্বাস্থ্যকর্মী ও প্যানেল কর্মীর তালিকা নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হবে।

## ১২. নিয়মিত স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্যানেল স্বাস্থ্যকর্মীর জন্য প্রশিক্ষণ

- \* নিয়মিত ও প্যানেল স্বাস্থ্যকর্মীদের শুরুতে ৪৫ দিনের জন্য (ক্লাসরুম ও প্রাক্টিক্যাল সহ) প্রশিক্ষণ দেওয়া হবে।
- \* প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেক স্বাস্থ্যকর্মীর যাতায়াতের জন্য মাথাপিছু ২০ টাকা এবং চা, টিফিনের জন্য ৩০ টাকা দৈনিক বরাদ্দ করা হয়েছে।
- \* যোগ্যতা অর্জনের মাপ বিচার করার জন্য নির্ধারিত সময়ে প্রশিক্ষণ শেষ হবার পর প্রার্থীদের প্রশিক্ষণোত্তর পরীক্ষায় বসতে হবে।

## ১৩. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী নিযুক্তিকরণ

উক্ত প্রশিক্ষণপ্রাপ্ত রেগুলার তালিকার অন্তর্ভুক্ত প্রার্থীদের নিয়মিত স্বাস্থ্যকর্মী হিসাবে নিযুক্ত করা হবে। এরা সকলেই পাট টাইম (দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত) কাজ করবে। এদের প্রত্যেককে মাসে ৭৫০ টাকা সাম্মানিক দেওয়া হবে।

## ১৪. রিফ্রেশার প্রশিক্ষণ

শিক্ষা ও জ্ঞানের মাত্রা বাড়ানোর জন্য এই স্কীমের সব কর্মীদেরই নিয়মিত সময়ের ব্যবধানে রিফ্রেশার প্রশিক্ষণ দেওয়া হবে। প্রতি প্রশিক্ষণের পর তাদের পারদর্শিতা বিচার করার জন্য পরীক্ষায় বসতে হবে।

## ১৫. বহিষ্করণ নীতি

স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও এই স্কীমের অন্যান্য কর্মীদের কাজকর্ম নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা হবে। যদি দেখা যায় কোনো কর্মী ন্যস্ত দায়িত্বের কাজগুলি সন্তোষজনক ভাবে করছে না, পৌরসভার যথাযোগ্য কর্তৃপক্ষ সেই কর্মীকে কাজ থেকে ছাড়িয়ে দিতে পারেন।

## ১৬. হেল্থ ফান্ড গঠন

- ১৬.১. প্রত্যেক পৌরসভায় হেল্থ ফান্ড গঠনের কাজ প্রথম থেকে শুরু করতে হবে যাতে স্কীমের জন্য বাইরের অনুদানের সাহায্য বন্ধ হওয়ার পরেও কাজগুলির ধারাবাহিকতা বজায় থাকে।
- ১৬.২. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীরা স্কীমের অন্তর্ভুক্ত প্রতি পরিবার থেকে প্রতি মাসে ২ টাকা করে চাঁদা সংগ্রহ করবে ও হেল্থ ফান্ডে জমা দেবে।
- ১৬.৩. সরকারী আদেশনামা অনুসারে বি.পি.এল. পরিবার থেকে সংগৃহীত মোট টাকার সর্বাধিক পাঁচ গুণিতক পর্যন্ত টাকা পৌরসভায় বরাদ্দ এন.এস.ডি.পি. ফান্ড থেকে নিয়ে হেল্থ ফান্ডে জমা করা যাবে।



১৬.৪. ব্যক্তিগত দান, চ্যারিটি শো ইত্যাদির মাধ্যমেও ফান্ড সংগ্রহ করা যেতে পারে।

১৬.৫. এছাড়াও পৌরসভা নিজের উদ্যোগে অন্যান্যভাবে হেল্থ ফান্ড বৃদ্ধি করতে পারেন।

১৭. হেল্থ ফান্ড রক্ষণ

হেল্থ ফান্ড রাখার জন্য পৌরসভাকে ব্যাঙ্কে একটি পৃথক অ্যাকাউন্ট খুলতে হবে।

১৮. হেল্থ ফান্ড চালনা

পৌরপ্রধান ও পৌরপ্রধানের মনোনীত কোনো একজন ব্যক্তি যুগ্মভাবে হেল্থ ফান্ড অ্যাকাউন্ট চালনা করবেন।

১৯. পাইলট স্কীম চালনার মাধ্যম

১৯.১ রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর (ডি.এইচ.এফ.ডব্লিউ.), পুরবিষয়ক দপ্তরকে জানাবেন যে এই পাইলট স্কীমটি কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এক বছরের জন্য অনুমোদন করেছেন। ডি.এইচ.এফ.ডব্লিউ. সংশ্লিষ্ট আট জন জেলাশাসকদের জানাবেন যে এই পাইলট স্কীমটি তাঁদের জেলায় অবস্থিত কয়েকটি পৌরসভাতে চালু করা হবে। প্রজেক্ট রূপায়ণের দায়িত্বে থাকবেন স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সী।

১৯.২. পুরবিষয়ক দপ্তর ১১টি পৌরসভাকে জানাবেন যে স্কীমটি তাঁদের পৌরসভায় রূপায়িত হতে চলেছে। এজন্য ১১ টি পৌরসভার পৌরপ্রধান ও স্বাস্থ্য বিষয়ক দায়িত্বে থাকা পৌরপিতাদের নিয়ে স্কীম সম্বন্ধে জ্ঞাতব্য তথ্য জানাবার জন্য আলোচনা সভার আয়োজন করা হবে।

১৯.৩. পুরবিষয়ক দপ্তর স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সীতে (সুডা) সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.) ও সংশ্লিষ্ট পৌরসভায় মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.) গঠনের অনুমোদন দেবেন। এ সম্পর্কে সরকারী আদেশনামা জারি করা হবে।

২০. নিজ নিজ প্রকল্প রচনা

২০.১. নির্ধারিত গাইড লাইন অনুযায়ী পৌরসভাগুলি তাঁদের নিজ নিজ পৌরসভার জন্য স্কীমের প্রস্তাবনা রচনা করবেন। পুরবিষয়ক দপ্তর এ বিষয়ে যথাযথ বিজ্ঞপ্তি জারি করবেন।

২০.২. প্রত্যেক পৌরসভা নিজ নিজ স্কীম প্রস্তাবনায় এক বছরের অ্যাকশন প্ল্যান ও বাজেট ধার্য করবেন।

২০.৩. প্রস্তাবনাগুলি সি.সি.সি. বিশদভাবে দেখবেন এবং ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে অনুমোদনের জন্য জমা দেবেন। স্কীমের কার্যকলাপের অগ্রগতি বিষয়ে সি.সি.সি., ডি.এইচ.এফ.ডব্লিউ.-কে জানাবেন। ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে ফান্ড চাইবেন পৌরসভাগুলিকে দেওয়ার জন্য। যে সব পৌরসভা গাইডলাইন মেনে ঠিকমত কাজ করছেন কেবলমাত্র তাদেরই সি.সি.সি., সুডা থেকে ফান্ড দেওয়া হবে।

২০.৪. ডি.এইচ.এফ.ডব্লিউ.-র মনোনীত একজন অফিসার কিংবা তার প্রতিনিধি এই স্কীমের প্রস্তাবনাগুলি পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজন অনুযায়ী এর অগ্রগতি ডি.এইচ.এফ.ডব্লিউ.-কে জানাবেন।

২১. অ্যাকশন প্ল্যান

২১.১. সি.সি.সি.-র তৈরী করা প্রথম বছরের অ্যাকশন প্ল্যানে নিম্নলিখিত করণীয় কাজগুলি ও কাজের সময়সূচী থাকবে :

- সি.সি.সি.-র গঠন এবং এর মূল কৃত্যকারীদের নিযুক্তি।
- সি.সি.সি.-র মূল কৃত্যকারীদের (এম.আই.ই.এস. ও অ্যাকাউন্টস অফিসার সহ) স্কীম সম্বন্ধে ওরিয়েন্টেশন ট্রেনিং।
- পৌরপ্রধান, স্বাস্থ্যের দায়িত্বে থাকা পৌরপিতা, প্রজেক্ট ডাইরেক্টর ইত্যাদি মূল অফিসারদের স্কীমের বিষয়ে অবগত করা।
- ১১ টি পৌরসভায় এম.এম.সি. গঠন।
- ১১ টি পৌরসভা থেকে স্কীমের প্রস্তাবনা পাওয়া।
- পৌরসভার পাঠানো স্কীমের প্রস্তাবনাগুলি পরীক্ষা করা, প্রয়োজনমতো কিছুটা পরিবর্তন করা এবং প্রস্তাবনার বিষয়ে সহমতে আসা।
- ট্রেনিং দেওয়ার জন্য বিষয়বস্তুর পুস্তিকা তৈরী করা ও সেগুলি ডি.এইচ.এফ.ডব্লিউ. থেকে অনুমোদন করিয়ে নেওয়া। ট্রেনিং - এর এই পুস্তিকাগুলি নিম্নেবর্ণিত ট্রেনিং গুলির জন্য কাজে লাগানো হবে :
  - ◆ স্কীম সম্বন্ধে সচেতন করা,
  - ◆ যে সব স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে সে বিষয়ে ওয়াকিবহাল করার জন্য আলোচনা,
  - ◆ অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতি শেখা ও কাজে লাগানো,
  - ◆ স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের ট্রেনিং,
  - ◆ প্রথম সারির পরিদর্শিকাদের ট্রেনিং,
  - ◆ হেল্থ অফিসার / সহকারী হেল্থ অফিসার, মেডিক্যাল অফিসার, পি.এইচ.এন. এবং অন্যান্য হেল্থ পোস্টের কৃত্যকারীদের ট্রেনিং,
  - ◆ পরিসংখ্যান কম্পিউটারে লিপিবদ্ধকরার ট্রেনিং।
- ট্রেনিং - এর জন্য তৈরী করা পুস্তিকাগুলি ১১ টি পৌরসভায় বিতরণ।
- এম.আই.ই.এস. ফর্ম ও ফ্যামিলি সিডিউল ডিজাইন করা এবং ডি.এইচ.এফ.ডব্লিউ. দ্বারা অনুমোদন।
- আই.ই.সি.-র আধুনিক উপকরণগুলি ডি.এইচ.এফ.ডব্লিউ.-র প্রোগ্রাম অফিসারদের কাছ থেকে সংগ্রহ এবং মূল বার্তাগুলি প্রতি গ্রুপের ট্রেনিং-এর বিষয়বস্তুর মধ্যে সামিল করা।
- প্রয়োজনমতো আই.ই.সি.-র উপকরণ তৈরী করে ১১ টি পৌরসভায় বিতরণ।
- পৌরসভার স্বাস্থ্য পরিষেবা রাজ্যের স্বাস্থ্য পরিষেবার সঙ্গে মিলিত করার জন্য আয়োজিত মিটিং-এর তালিকা তৈরী।
- হেল্থ পোস্ট ও সাব হেল্থ পোস্টের জন্য আসবাবপত্র, যন্ত্রপাতি ও ওষুধপত্র এবং স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীর কিট ব্যাগ কেনা।
- ত্রৈমাসিক পর্যবেক্ষণ মিটিং - এর আয়োজন।

২১.২. প্রত্যেক এম.এম.সি. দ্বারা রচিত প্রথম বছরের অ্যাকশন প্ল্যানে নিম্নলিখিত করণীয় কাজগুলি ও কাজের সময়সূচী থাকবে :

- এম.এম.সি. - র গঠন এবং এর মূল কৃত্যকারীদের নিযুক্তি।
- স্কীমের আওতায় আনা জনগোষ্ঠী চিহ্নিতকরণ ও জেলাশাসক দ্বারা অনুমোদন।
- স্কীমের প্রতি ব্লকের সীমানা আলাদা ভাবে চিহ্নিতকরণ।



- অংশগ্রহণমূলক পদ্ধতির মাধ্যমে স্কীমের প্রস্তাবনা রচনা।
- নিয়মিত স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্যানেল স্বাস্থ্যকর্মী নির্বাচন ও ঘোষণা।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মীদের ট্রেনিং-এর আয়োজন।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী নিযুক্তিকরণ।
- স্বেচ্ছাসেবীদের মধ্য থেকে প্রথম সারির পরিদর্শিকা নির্বাচন।
- প্রথম সারির পরিদর্শিকাদের ট্রেনিং।
- ডাক্তার ও সহকারী কর্মীদের নিযুক্তিকরণ।
- হেল্থ অফিসার / সহকারী হেল্থ অফিসার, পাট টাইম ডাক্তার, পি.এইচ.এন. এবং অন্যান্য কর্মীদের নিয়ে একযোগে ট্রেনিং।
- ডাটা অপারেটরের ট্রেনিং।
- অ্যাকাউন্টস্ অ্যাসিস্টেন্টের ট্রেনিং।
- পৌরসভার স্বাস্থ্য পরিষেবা রাজ্যের স্বাস্থ্য পরিষেবার সঙ্গে মিলিত করার জন্য আয়োজিত মিটিং-এর তালিকা তৈরী।
- মাসিক পর্যবেক্ষন মিটিং - এর আয়োজন।

২১.৩. স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের পদ্ধতির কাজ ঠিকমত চলা।

## ২২. পৌরসভার স্বাস্থ্য পরিষেবা পরিকাঠামো

২২.১. পৌরসভা দ্বারা রচিত স্কীমের প্রস্তাবনার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি বিশেষ ভাবে থাকবে :

- ওয়ার্ড ও ব্লক গুলির সীমানা আলাদা ভাবে চিহ্নিতকরণ করে পৌরসভার ম্যাপ তৈরী করা। প্রতি ব্লকে ক্রমিক সংখ্যা ও জনগোষ্ঠীর সংখ্যা থাকবে।
- প্রস্তাবিত সাব হেল্থ পোস্ট এবং হেল্থ পোস্টের অবস্থান চিহ্নিতকরণ।

২২.২. সি.সি.সি.-র প্রজেক্ট অফিসার ঐ সব পরিকাঠামোর অবস্থানগুলি পরিদর্শনের ব্যবস্থা করবেন এবং এই বিষয়ে ডি.এইচ.এফ.ডব্লিউ. এবং সুডা / পুরবিষয়ক দপ্তরকে, যেমন যেমন নির্দেশ দেওয়া হবে, পরিদর্শনের রিপোর্ট পাঠাবেন। পরিকাঠামোর অবস্থানগুলিতে যথেষ্ট পরিমাণ জায়গা থাকবে যাতে নতুন কোনো পরিকাঠামো তৈরীর দরকার না হয়।

## ২৩. রেফারেলের পদ্ধতি

২৩.১. পৌরসভার দ্বারা রচিত স্কীমের প্রস্তাবনায় নিম্নলিখিত বিষয়গুলি বিশেষভাবে থাকবে :


- রোগ নির্ণয় এবং চিকিৎসার জন্য রেফারেল সেন্টার চিহ্নিতকরণ।
- বেসরকারী সংস্থা, অন্যান্য পৌরসভা, এন.জি.ও. কিংবা সিভিল সোসাইটির সঙ্গে চুক্তি করার কোনো সুযোগ সম্ভাবনা আছে কিনা।

২৩.২. তাদের সাথে চুক্তিকরণ।

২৩.৩. রেফারেল পদ্ধতি চালু করার জন্য আলোচনা ও কর্মশালার আয়োজন।

২৩.৪. রেফারেল পদ্ধতিটি ঠিকমত কাজ করছে।

২৪) পরিদর্শন ও এম.আই.ই.এস.





## ২৫. অর্থ - সম্বন্ধীয়

- ◆ ডি.এফ.আই.ডি. একবছরের জন্য এই স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমে ৫৯০ লক্ষ টাকা আর্থিক সাহায্য দেবেন।
- ◆ এই আর্থিক সাহায্য ভারত সরকার / পশ্চিমবঙ্গ সরকারের পদ্ধতির মাধ্যমে দেওয়া হবে। ভারত সরকার ত্রৈমাসিক ভিত্তিতে এই ফান্ড পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে (অ্যাকাউন্ট ডি.এফ.আই.ডি.) অগ্রিম দেবেন।
- ◆ প্রথম বছরের আনুমানিক বাজেট মৌলিক পাইলট প্রজেক্টের ফ্রোড পত্র নং ১২ তে দেওয়া আছে।
- ◆ পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত অডিট বিধি ও প্রক্রিয়া অনুযায়ী ডি.এইচ.এফ.ডব্লিউ. আয়-ব্যয়ের হিসাব রাখা ও অডিট করানোর ব্যবস্থা করবেন।
- ◆ পাইলট প্রজেক্টের কাজ কর্মের ও আর্থিক অগ্রগতি দেখিয়ে ডি.এইচ.এফ.ডব্লিউ. ত্রৈমাসিক আর্থিক রিপোর্ট ডি.এফ.আই.ডি., ইন্ডিয়াকে পাঠাবেন।
- ◆ সি.সি.সি. স্কীমের কাজকর্মের ও আর্থিক অগ্রগতিসহ ত্রৈমাসিক আর্থিক রিপোর্ট ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে পাঠাবেন।

## ২৬. কেনাকাটা সম্বন্ধীয়

- স্কীমের জিনিষপত্র কেনাকাটা করা ও তার জন্য চুক্তি করার ব্যাপারে সর্বোপরি দায়িত্বে থাকবেন ডি.এইচ.এফ.ডব্লিউ.।
- সি.সি.সি. ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র, আসবাবপত্র ও আইইসি.-র সরঞ্জাম কেনার ব্যবস্থা করবেন। রাজ্য সরকারের আদর্শ নিয়ম মেনে এই কেনাকাটা করতে হবে।
- জিনিষপত্রের ধরণ ও মূল্য সাপেক্ষে সি.সি.সি. র পূর্ব অনুমোদন নিয়ে স্থানীয়ভাবে কেনাকাটার দায়িত্বে থাকবেন পৌরসভা।
- ডি.এফ.আই.ডি.-র খসড়া স্মারকলিপি অনুযায়ী কেনাকাটার প্রক্রিয়া ও পদ্ধতি পর্যবেক্ষণ করার এবং কিভাবে কেনাকাটা করা হচ্ছে তা দেখার অধিকার ডি.এফ.আই.ডি.-র থাকবে।
- প্রথম বছরে কি কি কেনাকাটা করতে হবে তার সময়সূচী দিয়ে প্ল্যান তৈরী করতে হবে এবং তা অ্যাকশন প্লানে প্রতিফলিত করতে হবে।

## ২৭. নজরদারি ও বিবরণী তৈরী করণ

- ◆ পৌরসভাগুলি ত্রৈমাসিক কাজের অগ্রগতির রিপোর্ট তৈরী করে সি.সি.সি. কে পাঠাবেন। এই রিপোর্ট অনুমোদিত নির্দেশকভিত্তিক হবে এবং এ বিষয়ে যে রিপোর্ট ফর্মাট তৈরী করা হয়েছে তা অনুসরণ করতে হবে।
- ◆ সি.সি.সি. ত্রৈমাসিক কাজের অগ্রগতির রিপোর্ট ডি.এইচ.এফ.ডব্লিউ. কে দেবেন।
- ◆ ডি.এইচ.এফ.ডব্লিউ. অনুমোদিত নির্দেশক ভিত্তিক কাজের অগ্রগতির ত্রৈমাসিক রিভিউ রিপোর্ট ডি.এফ.আই.ডি. কে পাঠাবেন।
- ◆ স্কীমের জন্য লজিক্যাল ফ্রেম ওয়ার্ক মৌলিক পাইলট প্রজেক্টের দস্তাবেজে আছে।

## ২৮. প্রকল্পের প্রারম্ভিক স্বাস্থ্য সমীক্ষা

ডি.এইচ.এফ.ডব্লিউ. প্রকল্পের প্রারম্ভিক স্বাস্থ্য সমীক্ষার ব্যবস্থা করবেন। এই সমীক্ষার উদ্দেশ্যগুলি নিচে দেওয়া হল :



- ☆ এই স্কীমের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর স্বাস্থ্য অবস্থা, বিশেষ করে মুখ্য মহামারী সম্বন্ধীয় রোগগুলি ও ডেমোগ্রাফিক সূচক তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ।
- ☆ ১১টি পৌরসভায় স্বাস্থ্য পরিষেবার কি ব্যবস্থা আছে এবং স্বাস্থ্য কৃত্যকারীদের জ্ঞান ও দক্ষতা কেমন আছে তাও দেখা হবে।
- ☆ বর্তমানে কি স্বাস্থ্য পরিকাঠামো আছে তা দেখা।
- ☆ স্কীমের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর স্বাস্থ্য বিষয়ক চাহিদা কি আছে তা দেখা হবে।
- ☆ মূল স্বাস্থ্য পরিষেবার সঙ্গে পৌরসভার স্বাস্থ্য পরিষেবা একত্রিকরণের বিষয়ে বিভিন্ন অংশকারীদের মনোভাব পর্যালোচনা।
- ☆ সরকারী সংস্থার সঙ্গে বেসরকারী সংস্থার অংশীদারত্বের এবং পৌরসভাগুলির মধ্যে অংশীদারত্বে সুযোগ কেমন আছে তা যাচাই করা।

### ২৯. স্কীমের দস্তাভেজ (ডকুমেন্টেশন)

ডি.এইচ.এফ.ডব্লিউ. নিয়মিতভাবে পাইলট প্রজেক্টের পদ্ধতিগুলো এবং অগ্রগতি লিপিবদ্ধ করে একটি দস্তাভেজ তৈরী করবেন। এর উদ্দেশ্য হল :

- ❖ ভবিষ্যতে সাহায্যের জন্য একটি পুস্তিকা তৈরী করা হবে। এই পুস্তিকাতে ইতিবাচক শিক্ষা কি লাভ করা হয়েছে, কি কি অসুবিধা হয়েছে ও কোন কোন বাধার সম্মুখীন হতে হয়েছে তা লিপিবদ্ধ থাকবে। বাধাগুলির সমাধান কিভাবে করা হয়েছে তাও লেখা থাকবে।
- ❖ কৃত্যকারীদের পেশাগত কার্য ক্ষমতা বাড়ানোর জন্য যে যে ব্যবস্থা নেওয়া হয়েছে ও তাদের ট্রেনিং -এর জন্য যে সব ট্রেনিং-এর সামগ্রি ব্যবহার করা হয়েছে তা লিপিবদ্ধ করা।
- ❖ পাইলট প্রজেক্টের যথার্থতা বিচার ও সময়সীমা বাড়ানোর প্রস্তাব।
- ❖ প্রয়োজনমত স্কীমের কিছু রূপান্তর করে অন্যান্য শহর এলাকায় স্কীমের বিস্তার করা।
- ❖ এই স্কীম থেকে যেসব শিক্ষা লাভ হবে তা বিস্তার করা।
- ❖ এই দস্তাভেজ স্কীমের মূল্যায়ণ করতে সাহায্য করবে।
- ❖ যদি এই স্কীমের সময়সীমা আরও বাড়ানো হয় তবে স্কীমের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর স্বাস্থ্যের মানের কি অগ্রগতি হয়েছে তা লিপিবদ্ধ করা।

### ৩০. স্কীমের মূল্যায়ণ

- \* ডি.এফ.আই.ডি. ভবিষ্যতে আর্থিক সহায়তা দেওয়ার জন্য স্কীমের মূল্যায়ণ নিজেরা করবেন।
- \* বিভিন্ন লক্ষ্যমাত্রার কি কি অগ্রগতি হয়েছে ডি.এফ.আই.ডি. তা নিবিড়ভাবে মূল্যায়ণ করে দেখবেন। এই মূল্যায়ণের ভিত্তিতে ডি.এফ.আই.ডি. তাদের আর্থিক সাহায্য চালিয়ে যাওয়ার সম্ভাবনা সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন।

### ৩১. স্কীমের জন্য সরকারী আদেশনামা

- ৩১.১. পূরবিষয়ক দপ্তর এই পাইলট প্রজেক্টটি কার্যে পরিণত করার জন্য যথাযথ আদেশনামা জারি করবেন।
- ৩১.২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর রাজ্য, জেলা ও উপজেলা স্তরে অবস্থিত স্বাস্থ্য বিষয়ক অফিসগুলিকে এই প্রকল্পের বিষয়ে নির্দেশ দেবেন।
- ৩১.৩. পাইলট প্রজেক্টের প্রতিনিয়ত সৃষ্ট ব্যবস্থাপনার উদ্দেশ্যে সি.সি.সি. পৌরসভাগুলির সাথে নিয়মিতভাবে মতামত আদান প্রদান করবেন।



**পুরবিষয়ক দপ্তর দ্বারা গঠিত স্বাস্থ্য সম্পর্কীয় অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি**

পুর ও আরবান ডেভালপমেন্ট দপ্তরের দায়িত্বাধীন মন্ত্রীমহোদয়ের নেওয়া ৭ই অক্টোবর, ২০০২ সালের রিভিউ মিটিং-এ স্থির হয় যে প্রজেক্টের জন্য ডোনার এজেন্সীর অর্থ সাহায্য শেষ হবার পরে প্রজেক্টের কাজ দেখাশুনা, রক্ষণাবেক্ষণ ও আরবান হেল্থ ইমপ্রভমেন্ট প্রোগ্রামগুলি সঠিক দিশায় চালনাতে উপদেশ দেওয়ার জন্য একটি অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি তৈরী করা হবে। এই অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটি নিম্নলিখিত সদস্যদের দ্বারা গঠিত হবে :

১। রাষ্ট্রমন্ত্রী, পুর দপ্তর	সভাপতি
২। প্রধান সচিব, ইউ.ডি. দপ্তর	সদস্য
৩। প্রধান সচিব, স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তর	সদস্য
৪। সচিব, পুর দপ্তর	সদস্য
৫। সি.ই.ও., কে.এম.ডি.এ.	সদস্য
৬। পৌরপ্রধান, নিউ ব্যারাকপুর পৌরসভা	সদস্য
৭। মেয়র, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন	সদস্য
৮। চিফ হেল্থ অফিসার, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন	সদস্য
৯। ডাইরেক্টর, স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সী	সদস্য
১০। ডাঃ বি. ভট্টাচার্য, চিফ অফ হেল্থ, আই.পি.পি.- ৮	সদস্য
১১। ডাঃ এন. জি. গঙ্গোপাধ্যায়, অ্যাডভাইসরি (হেল্থ), স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সী	সদস্য
১২। বিশেষ সচিব, কে.এম.ডি.এ.	সদস্য - সচিব

এই কমিটি বিভিন্ন উপায় উদ্ভাবন, কেনাকাটার নীতি, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে পৌরসভাগুলিকে আরও দায়িত্ব দেওয়া, যে সমস্ত পরিষেবা আছে তার পুরোপুরি সদ্ব্যবহার করা, পরিকাঠামো ও যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ করা ইত্যাদি বিষয়ে যথাযথ উপদেশ ও নির্দেশ দেবেন।

১১ই ডিসেম্বর, ২০০৩ সালে উন্নয়ন ভবন, বিধাননগরে অনুষ্ঠিত ৪র্থ অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটির মিটিং-এ প্রস্হাব করা হয়েছিল যে বিশেষ সচিব (প্রজেক্ট) এবং প্রোগ্রাম ডাইরেক্টর, এস.আই.পি. ও এইচ.এস.ডি.আই., স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তর, শ্রী রাজীব দুবে, আই.এ.এস., মহোদয়কে অ্যাপেক্স অ্যাডভাইসরি কমিটির সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াকে সাহায্য করার জন্য এই কমিটির সদস্য হিসাবে নেওয়া হবে।

২২/০৩/২০০৪ তারিখে অনুষ্ঠিত ৫ম অ্যাপেল অ্যাডভাইসরি কমিটির মিটিং-এ ডি.এফ.আই.ডি.র সহায়তায় ১১টি পৌরসভাতে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের কাজকর্ম পর্যবেক্ষণ করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তগুলি নেওয়া হয় :

- \* মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটি, স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী ও প্রোগ্রামের অন্যান্য সহায়ক কর্মীদের প্রয়োজনীয় সংখ্যা নির্ধারণ করবেন এবং এঁদের নিয়োগের পদ্ধতি ও নিযুক্তি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেবেন।
- \* এই স্কীম কার্যে পরিণত করার লক্ষ্যে এ.সি.এম.ও.এইচ. ও নিকটবর্তী সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টদের যুক্ত করার উদ্দেশ্যে প্রয়োজনীয় নির্দেশনামা জারি করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগকে অনুরোধ করা হয়।
- \* নতুন বি.পি.এল. তালিকা পৌরসভার জনসংখ্যার ২৫ শতাংশের মধ্যে হওয়া বাঞ্ছনীয়।
- \* এজেন্ডা নোটে দেওয়া বিভিন্ন কার্যাবলীর সময়সূচি ঠিকভাবে পালন করতে হবে।



মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটি

কমিটির সদস্যবৃন্দ

১। পৌরসভার পৌরপ্রধান	প্রেসিডেন্ট
২। স্বাস্থ্যের দায়িত্বে থাকা পৌরপিতা	মেম্বার
৩। জেলাশাসকের প্রতিনিধি	মেম্বার
৪। স্থানীয় এন.জি.ও. দের প্রতিনিধি	মেম্বার
৫। সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচ.	মেম্বার
৬। পৌরসভার হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার	মেম্বার - সেক্রেটারি
৭। স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সীর প্রতিনিধি	বিশেষভাবে নিযুক্তি
৮। রেফারেল হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট	আমন্ত্রিত

- ◆ বর্তমানে অবস্থিত পৌরসভা এবং জেলা / সাব ডিভিশনে স্বাস্থ্য বিভাগের অফিস ও রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতাল - এইসব বিভিন্ন স্বাস্থ্য পরিকাঠামো ও স্বাস্থ্য সম্বন্ধীয় কার্যাবলী যাতে একত্রিত ভাবে করা যায় তার জন্য সমন্বয় সাধন ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন।
- ◆ জেলার বিভিন্ন হেল্থ প্রোগ্রাম অফিসারদের সাথে সংহতিকরণের জন্য নিয়মিতভাবে এবং প্রয়োজন অনুসারে আলোচনা সভার আয়োজন করবেন।
- ◆ রেফারেল চিকিৎসার ব্যবস্থা করার জন্য নিকটবর্তী সরকারী হাসপাতালের অধিকর্তাদের সাথে নিয়মিতভাবে এবং প্রয়োজন ভিত্তিক মিটিং-এর ব্যবস্থা করবেন।

সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সি.সি.সি.)

সি.সি.সি. - র সদস্যবৃন্দ

- ১। স্টেট আরবান ডেভালপমেন্ট এজেন্সীর ডাইরেক্টর
- ২। কন্সালটেন্ট
- ৩। প্রজেক্ট অফিসার
- ৪। মেডিক্যাল স্পেশালিষ্ট - ২ জন
- ৫। কমিউনিটি ডেভালপমেন্ট স্পেশালিষ্ট
- ৬। অ্যাকাউন্টস অফিসার
- ৭। এম.আই.ই.এস. অফিসার
- ৮। ডাটা এন্ট্রি অপারেটর
- ৯। ক্লার্ক কাম স্টোরকিপার
- ১০। অ্যাটেন্ডেন্ট

এঁদের চুক্তি ভিত্তিক নিয়োগের ক্ষমতা বিধিসঙ্গতভাবে পূরবিষয়ক দপ্তরের থাকবে।



মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল (এম.এম.সি.)

এম.এম.সি. -র সদস্যবৃন্দ

- ১। অতিরিক্ত জেলাশাসক - প্রজেক্ট ডাইরেক্টর। সরকারী আদেশনামা জারি করা হবে।
- ২। স্বাস্থ্যের দায়িত্বাধীন পৌরপিতা - পৌরপ্রধান নির্দেশনামা জারি করবেন।
- ৩। সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচ. - সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর আদেশনামা জারি করবেন।
- ৪। নিকটবর্তী সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট - সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর আদেশনামা জারি করবেন।
- ৫। হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার - যে পৌরসভায় হেল্থ অফিসার আছে সেখানে পৌরপ্রধান আদেশনামা জারি করবেন। যে পৌরসভায় হেল্থ অফিসার নেই সেখানে অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসার সাময়িক ভাবে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে।
- ৬। কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার- সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৭। পাবলিক হেল্থ নার্স- সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৮। ডাটা এন্ট্রি অপারেটর- সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ৯। অ্যাকাউন্টস অ্যাসিস্টেন্ট সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে।
- ১০। ক্লার্ক কাম স্টোরকিপার পৌরসভার নিজস্ব নিয়োজিত কর্মীকে পৌরপ্রধান নির্দেশনামা দেবেন।
- ১১। অ্যাটেন্ডেন্ট পৌরসভার নিজস্ব নিয়োজিত কর্মীকে পৌরপ্রধান নির্দেশনামা দেবেন।

মিউনিসিপ্যাল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটি সাময়িক চুক্তির ভিত্তিতে নিয়োগগুলির দায়িত্বে থাকবেন।

## দপ্তর ভিত্তিক দায়িত্ব

দপ্তর	দায়-দায়িত্ব
ডি.এইচ.এফ.ডব্লিউ.	✦ নোডাল ডিপার্টমেন্ট - সুডাতে অবস্থিত সি.সি.সি. থেকে ব্যয়ের বিবরণ নেবেন ও গ্রান্ট-ইন-এইড পাওয়ার জন্য তা ভারত সরকারকে পাঠাবেন। যে পরিমান অর্থ এই পাইলট স্কীমের দরুন ব্যয় করা হয়েছে সেই পরিমান অর্থ পরিশোধ হিসাবে ভারত সরকার ডি.এফ.আই.ডি., ইন্ডিয়া থেকে আর্থিক সহায়তা পাবেন।
	✦ পাইলট স্কীমের অগ্রগতির বিষয়ে নিয়মিত ব্যবধানে ডি.এফ.আই.ডি. কে জ্ঞাত করবেন। এই স্কীমের জন্য বিভিন্ন পদ্ধতি থেকে যে সুফল পাওয়া গেছে এবং সেই পদ্ধতিগুলি স্বাস্থ্য বিষয়ক কৌশলগত কাঠামোর মধ্য অন্তর্ভুক্ত করা যেতে পারে তা সমর্থন করে স্কীমের প্রক্রিয়াগুলি লিপিবদ্ধ করে একটি দস্তাবেজ (ডকুমেন্টেশন) তৈরী করবেন।
	✦ স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমটি বিশদভাবে জানানো ও বোঝানোর জন্য ডি.এইচ.এফ.ডব্লিউ. ও পুরদপ্তর একসঙ্গে কর্মশালার আয়োজন করবেন।
	✦ পৌরসভাগুলি যাতে নিজ নিজ স্কীমের প্রস্হাবনা তৈরী করে ডি.এইচ.এফ.ডব্লিউ. -র কাছে জমা দিতে পারেন এ বিষয়ে পৌরসভাগুলিকে গাইড লাইন দেবেন।
	✦ পৌরসভাগুলি স্কীমের যে প্রস্হাবনাগুলি জমা দেবেন সেগুলো পরীক্ষা করে অনুমোদন দেবেন।
	✦ জেলা / উপজেলার স্বাস্থ্য বিষয়ক অফিস ও সরকারী হাসপাতালগুলির সাথে স্কীমের কাজে সংযোগের জন্য সমন্বয় সাধন করবেন।
	✦ নিয়মিত সময়ের ব্যবধানে স্কীমের কাজের অগ্রগতি পরিদর্শন করবেন ও প্রথম বছরের শেষে মূল্যায়ণ করবেন।
	✦ ভারত সরকার ও ডি.এফ.আই.ডি. -র সাথে যোগাযোগ রাখবেন।
	✦ স্কীমের জন্য বিভিন্ন প্রয়োজনীয় জিনিসপত্র কেনাকাটা এবং কাজের জন্য চুক্তি করার দায়িত্বে থাকবেন ডি.এইচ.এফ.ডব্লিউ.।



দপ্তর	দায়-দায়িত্ব
<p>সেন্ট্রাল কো-অর্ডিনেটিং সেল (সুডা/এম.এ.ডি.তে অবস্থিত)</p>	<p>* ডি.এইচ.এফ.ডব্লিউ. থেকে ফান্ড সংগ্রহ করবেন এবং খরচের হিসাবপত্র ডি.এইচ.এফ.ডব্লিউ.কে দেবেন যাতে করে কেন্দ্রীয় সরকার / ডি.এফ.আই.ডি., ইন্ডিয়া থেকে অনুদান হিসাবে এই অর্থ ফেরৎ পাওয়া যায়।</p>
	<p>* পৌরসভাগুলিকে ফান্ড দেবেন ও হিসাবপত্র রাখবেন।</p>
	<p>* ডি.এইচ.এফ.ডব্লিউ.র তত্ত্বাবধানে এই স্কীমের পুরো পদ্ধতিটা চালনা ও পরিদর্শন করবেন।</p>
	<p>* এই পদ্ধতির বিভিন্ন কার্যাবলির অগ্রগতি লিপিবদ্ধ করা ও সমন্বয় সাধন করার দায়িত্বে থাকবেন।</p>
	<p>* ট্রেনারদের প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।</p>
	<p>* চিকিৎসার জন্য যন্ত্রপাতি, ওষুধপত্র, আসবাবপত্র ও আইইসির সরঞ্জাম ডি.এইচ.এফ.ডব্লিউ.র অনুমোদন নিয়ে সংগ্রহ করার ব্যবস্থা করবেন।</p>
<p>মিউনিসিপ্যাল লেভেল হেল্থ এবং এফ.ডব্লিউ. কমিটি (ইতিমধ্যে গঠিত হয়েছে)</p>	<p>✘ বর্তমানে অবস্থিত পৌরসভা এবং জেলা / সাব ডিভিশনে স্বাস্থ্য বিভাগের অফিস ও রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতাল - এইসব বিভিন্ন স্বাস্থ্য পরিকাঠামো ও স্বাস্থ্য সম্বন্ধীয় কার্যাবলী যাতে একত্রিত ভাবে করা যায় তার জন্য সমন্বয় সাধন ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন।</p>
	<p>✘ জেলার বিভিন্ন হেল্থ প্রোগ্রাম অফিসারদের সাথে সংহতিকরণের জন্য নিয়মিতভাবে এবং প্রয়োজন অনুসারে আলোচনা সভার আয়োজন করবেন।</p>
	<p>✘ রেফারেল চিকিৎসার ব্যবস্থা করার জন্য নিকটবর্তী সরকারী হাসপাতালের অধিকর্তাদের সাথে নিয়মিতভাবে এবং প্রয়োজন ভিত্তিক মিটিং-এর ব্যবস্থা করবেন।</p>

দপ্তর	দায়-দায়িত্ব
মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল	<ul style="list-style-type: none"> <li>❖ সি.সি.সি.-র কাছ থেকে ফান্ড নেবেন এবং খরচের হিসাবপত্র সি.সি.সি.-র কাছে দাখিল করবেন।</li> <li>❖ স্কীমের জন্য পৃথক ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলবেন। এই অ্যাকাউন্ট যুগ্মভাবে পৌরপিতা এবং এই স্কীমের প্রজেক্ট ডাইরেক্টর অপারেট করবেন।</li> <li>❖ হেল্থ পোস্ট এবং সাব হেল্থ পোস্টের সমস্ত পরিষেবার ব্যাপারে যেমন, কর্মীদের সাম্মানিক / বেতন দেওয়া এবং স্থানীয়ভাবে স্কীমের জন্য কিছু সংগ্রহ / কেনাকাটা করার ব্যবস্থা ইত্যাদি পরিচালনা ও পরিদর্শনের দায়িত্বে থাকবেন।</li> <li>❖ নিজ পৌরসভার স্কীমের প্রস্হাবনা তৈরী করবেন ও তা সি.সি.সি.-র মাধ্যমে ডি.এইচ.এফ.ডব্লিউ.-র কাছে পাঠাবেন।</li> <li>❖ সি.সি.সি.-র এবং সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচের কাছে সময়মতো সব রিপোর্ট ও রিটার্ন পাঠাবেন।</li> <li>❖ পৌরসভার প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, জেলা ও সাব-ডিভিশনের বিভিন্ন স্বাস্থ্য দপ্তরের অফিস এবং পরিষেবার সঙ্গে একত্রিকরণের জন্য এবং সরকারী হাসপাতালের সাথে রেফারেল চিকিৎসার সংহতি স্থাপনের জন্য এই সেল সমন্বয় সাধনের দায়িত্বে থাকবেন।</li> </ul>
সি.এম.ও.এইচ. এবং জেলা ও সাব-ডিভিশনের হেল্থ অফিসারবন্দ	<ul style="list-style-type: none"> <li>* সি.সি.সি. / সুডা, মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল, মিউনিসিপ্যাল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটির সাথে সংহতি স্থাপন করবেন যাতে শহর এলাকায় রোগের অনুসন্ধান, তার চিকিৎসা এবং পৌরসভার নিকটবর্তী সরকারী হাসপাতালে রেফারেল চিকিৎসা মারফৎ এক সমন্বিত স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থা করা যায়।</li> <li>** পরিষেবার কার্যাবলী পর্যবেক্ষণ করা এবং রোগ প্রতিরোধ প্রোগ্রাম, আর.সি.এইচ. প্রোগ্রাম ইত্যাদি সংশ্লিষ্ট প্রোগ্রামগুলিকে সহায়তা করার জন্য জেলা ও সাব-ডিভিশনের এ.সি.এম.ও.এইচের অফিসগুলির সাথে সমন্বয় সাধন করবেন।</li> <li>** অগ্রগণ্যতার ভিত্তিতে যাতে পৌরসভার স্বাস্থ্য কেন্দ্র থেকে পাঠানো রোগীরা রেফারেল চিকিৎসার জন্য সরকারী হাসপাতালে ভর্তি হতে পারেন সেইজন্য সরকারী হাসপাতালগুলির সাথে সংহতি স্থাপন করবেন।</li> </ul>
সরকারী হাসপাতালে সুপারিন্টেন্ডেন্ট	<ul style="list-style-type: none"> <li>* সরকারী হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টরা মিউনিসিপ্যাল ম্যানেজমেন্ট সেল, মিউনিসিপ্যাল লেভেল হেল্থ অ্যান্ড এফ.ডব্লিউ. কমিটির সাথে সংহতি স্থাপন করবেন যাতে করে পৌরসভার স্বাস্থ্য কেন্দ্র থেকে পাঠানো রোগীরা অগ্রগণ্যতার ভিত্তিতে রেফারেল চিকিৎসার জন্য পৌরসভার নিকটবর্তী সরকারী হাসপাতালে ভর্তি হতে পারেন।</li> </ul>



সি.সি.সি. - র কর্মীদের কাজের দায়িত্ব

কনসালটেন্ট

- সুডার ডাইরেক্টরের নির্দেশ অনুযায়ী কাজ করবেন।
- প্রোগ্রাম কার্যকরণ, ট্রেনিং ম্যানুয়াল তৈরী, আই.ই.সি. - র জন্য বিভিন্ন উপায় উদ্ভাবন ও কৌশল তৈরী, এম.আই.ই.এস. তৈরী এবং সমীক্ষার জন্য বিষয়বস্তু তৈরী, দস্তাভেজ (ডকুমেন্টেশন) তৈরীর পদ্ধতি, নজরদারি ও মূল্যায়নের পদ্ধতি তৈরী ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ হিসাবে কাজ করবেন।
- স্কীমের বিশেষ সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের স্ট্রাটেজিক প্ল্যানিং ও সেক্টর রিফর্ম সেলের অফিসার ও অন্যান্য প্রোগ্রাম অফিসারদের সাথে যোগাযোগ রাখবেন।
- সি.সি.সি.-র স্কীমে অফিসার ও অন্যান্য কর্মীদের এবং পৌরসভার এম.এম.সি.-র টেকনিকাল কর্মীদের বিশেষজ্ঞদের উপদেশ ও সঠিক নিশানা দেবেন।
- সেমিনার ও মিটিং-এ অংশগ্রহণ করবেন।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর যাতে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীমের দস্তাভেজ (ডকুমেন্টেশন) তৈরী করতে পারেন সে বিষয়ে যথাযথ সহায়তা করবেন।
- সি.সি.সি. ও পৌরসভাগুলির কাজের লাগাতার মূল্যায়ণ করবেন ও নজর রাখবেন যাতে করে স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী স্কীম যথাযথ এগিয়ে যায়, এবং জেলার স্বাস্থ্যদপ্তরের অফিস এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার সাথে এই স্কীমের সমন্বয় সাধন হয়।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সাথে যোগাযোগ রাখবেন যাতে এই এইচ.এইচ.ডব্লিউ. স্কীমের পদ্ধতি সরকারের শহুরে স্বাস্থ্য পরিষেবার কৌশলগত কাঠামোর মধ্যে নিয়ে নেওয়া হয় এবং এর ফলে এই এইচ.এইচ.ডব্লিউ. স্কীম কিংবা এর সামান্য কিছু পরিবর্তিত স্কীম রাজ্যের প্রতিটি শহর অঞ্চলে ক্রমান্বয়ে চালু করা যায়।
- পৌর দপ্তর, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর ও অর্থ দপ্তর এবং ১১ টি পৌরসভার সাথে আলোচনা করে একটি বিকল্প আর্থিক পদ্ধতি তৈরী করা এবং একটি ফান্ড গঠন করা যাতে এই বর্তমান স্কীম কিংবা এর সামান্য পরিবর্তিত স্কীম ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ করা যায়।
- যেখানে যেখানে প্রয়োজন কমে গেছে সেই সব জায়গায় কিভাবে কর্মীদের উঠিয়ে নেওয়া যায় কিংবা স্কীমটি পৌরসভা / স্থানীয় এন.জি.ও. / সি.বি.ও. / এস.এইচ.জি. - র হাতে দীর্ঘদিনের রক্ষণাবেক্ষণের জন্য কিভাবে তুলে দেওয়া যায় - সেই বিষয়ে নীতি নির্ধারণ।



## প্রজেক্ট অফিসার

- প্রোগ্রাম রূপায়ণের প্রধান সমন্বয় সাধনকারী অফিসার।
- ডাইরেক্টর সুডার নির্দেশনায় ও প্রয়োজনমতো কনসালটেন্টের সাথে আলোচনা করে স্কীমের কাজকর্ম করবেন।
- ডি.এইচ.এফ.ডব্লিউ. স্পেশাল সেক্রেটারি, স্ট্রাটেজিক প্ল্যানিং এবং সেক্টর রিফর্ম - এর অফিসারবন্দ, ডাইরেক্টর অফ হেল্থ সার্ভিস ও রাজ্যস্তরে স্বাস্থ্য দপ্তরের প্রোগ্রাম অফিসারদের সাথে যোগাযোগ রক্ষা করবেন।
- স্কীমের জন্য প্ল্যান করা, সংগঠন ও ব্যবস্থাপনা করা, স্কীমের কাজকর্মে নজরদারী ও দেখাশুনা করার দায়িত্বে থাকবেন।
- বিবিধ মিটিং ও সেমিনারে অংশগ্রহণ করবেন।
- স্বেচ্ছাসেবী স্বাস্থ্য স্কীমের দস্তাবেজ (ডকুমেন্টেশন) তৈরী করার জন্য প্রয়োজনীয় খবরাখবর ও তথ্য ডি.এইচ.এফ.ডব্লিউ.কে সরবরাহ করবেন।
- স্কীমটি প্রথম বছরের মধ্যে রূপায়ণ ও কার্যে পরিণত করার দায়িত্বে থাকবেন। স্কীমটি পরে চালু রাখা ও সব পৌরসভাগুলিতে প্রসারিত করার যৌক্তিকতা অর্জন করার উপলক্ষে, মেডিক্যাল স্পেশালিষ্ট, সি. ডি. স্পেশালিষ্ট, এম.আই.ই.এস. অফিসার ও অ্যাকাউন্টস অফিসারদের নিয়ে গঠিত টিমের দলপতি হিসাবে স্কীমের কাজে দায়বদ্ধ থাকবেন।

## মেডিক্যাল স্পেশালিষ্ট

- ✓ পৌরসভার স্বাস্থ্য সম্বন্ধীয় সব প্রোগ্রামের ঠিকমতো প্ল্যান করা, ব্যবস্থাপনা করা, নজরদারী ও দেখাশুনা করার জন্য হেল্থ অফিসার / অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসারদের পেশা সংক্রান্ত ও কার্য নির্বাহ ব্যবস্থাপনার বিষয়ে পরামর্শ ও নির্দেশ দিয়ে সহায়তা করার দায়িত্বে থাকবেন।
- ✓ স্কীমের বিভিন্ন স্তরের কর্মীদের বিবিধ ট্রেনিং ও কাজের মান বাড়ানোর জন্য প্রোগ্রাম আয়োজন উপলক্ষে হেল্থ অফিসার (এইচ.ও.) অথবা অ্যাসিস্টেন্ট হেল্থ অফিসারদের (এ.এইচ.ও.) পেশা সংক্রান্ত ও কার্য নির্বাহ করার বিষয়ে পরামর্শ দেবেন।
- ✓ ১১টি পৌরসভায় রেফারেল সার্ভিস বিশেষত আর.সি.এইচ. ও স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন রোগ প্রতিরোধ করার প্রোগ্রাম, আই.সি.ডি.এস. এবং স্কুল হেল্থ প্রোগ্রামের সাথে পৌরসভার বিভিন্ন স্বাস্থ্য প্রোগ্রামের সংযোগ করার উপলক্ষে ডাইরেক্টর অফ হেল্থ সার্ভিসের সাথে যোগাযোগ রাখবেন।
- ✓ সাব-ডিভিশন হাসপাতালের সুপারিনটেন্ডেন্ট, এ.সি.এম.ও.এইচ., সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. এবং জেলাস্তরের অন্যান্য স্বাস্থ্য বিভাগের অফিসার, আই.সি.ডি.এস. - এর জেলাস্তরের প্রজেক্ট অফিসার, পৌরসভার চেয়ারম্যান ও সি.ডি.পি.ও. এবং প্রজেক্ট ডাইরেক্টরদের সাথে যোগাযোগ স্থাপন করবেন ও পৌরসভার স্বাস্থ্য পরিষেবার সাথে স্বাস্থ্য দপ্তরের পরিষেবাগুলি সংযোগসাধন করার জন্য এইচ.ও. / এ.এইচ.ও.কে সাহায্য করবেন।
- ✓ এইচ.ও. / এ.এইচ.ও. যাতে প্রজেক্ট ডাইরেক্টর / পৌরপ্রধান ও সি.সি.সি.র কাছে সময়মতো রিপোর্ট ও রিটার্ন দাখিল করেন সেদিকে নজর রাখবেন।



- ✓ বিভিন্ন জিনিস যেমন - টাকা (ভ্যাকসিন), পরিবার পরিকল্পনার সাময়িক সরঞ্জাম, ওষুধপত্র ইত্যাদি যাতে স্বাস্থ্য দপ্তরের জেলার প্রোগ্রাম অফিসারদের কাছ থেকে সহজভাবে সংগ্রহ করা যায় সে বিষয়ে সাহায্য করবেন।
- ✓ পৌরসভা ভিত্তিক এই স্কীমের প্রস্তাবনা রচনার জন্য যথাযথ উপদেশ দেবেন।
- ✓ স্কীমের কাজকর্মে সাহায্য করার জন্য এন.জি.ও. নির্বাচনে পেশা সংক্রান্ত উপদেশ দেবেন।
- ✓ স্বাস্থ্যের দায়িত্বে থাকা কাউন্সিলর ও প্রজেক্ট ডাইরেক্টরের সাথে থেকে এস.এইচ.পি. / এইচ.পি. র জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করার কাজে সহায়তা করবেন।
- ✓ স্কীমের জন্য যে সব আসবাবপত্র, ডাক্তারি যন্ত্রপাতি, ওষুধপত্র ও অন্যান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে বা সি.সি.সি. থেকে পাওয়া গেছে সেগুলি চেক করা, স্টক রেজিস্টারে তোলা এবং সঠিক স্বাস্থ্যকেন্দ্রে সেগুলি পাঠাবার ব্যবস্থা করতে সাহায্য করবেন।
- ✓ পাট টাইম ডাক্তার, এ.এন.এম., পি.এইচ.এন. ও এম.এম.সি. - র কর্মীরা যাতে সুষ্ঠুভাবে বিভিন্ন পরিষেবার কাজগুলি করতে পারেন সেজন্য উপযুক্ত নির্দেশ দেবেন।
- ✓ লক্ষ্যমাত্রা অনুযায়ী এই স্কীমের কাজের তালিকা তৈরী করবেন এবং অগ্রগতির বিষয়ে নজর রাখবেন।
- ✓ এম.এম.সি. -র সদস্যদের নিয়ে এবং কখনো কখনো তৃণমূলস্তরে কৃত্যকারীদের সাথে নিয়ে নিয়মিত ব্যবধানে রিভিউ মিটিং-এর আয়োজন করবেন। মিনিট বুক সঠিক ভাবে রাখা হচ্ছে কিনা তা দেখবেন।
- ✓ বিভিন্ন মিটিং, সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করবেন।
- ✓ এছাড়া, প্রজেক্ট অফিসার যেসব কাজ করার দায়িত্ব দেবেন সেগুলি পালন করবেন।

### কমিউনিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট (সি.ডি.এস.)

- ◆ অংশগ্রহণমূলক পদ্ধতির দ্বারা জনগোষ্ঠীকে সংগঠন করার উদ্দেশ্যে নির্দেশক পুস্তক তৈরী করবেন।
- ◆ জনগোষ্ঠী যাতে স্কীমটি সহজে গ্রহণ করতে পারেন সেই উদ্দেশ্যে পৌরসভায় আয়োজিত সংবেদনশীল আলোচনা মাঝে মাঝেই পরিদর্শন করবেন।
- ◆ অংশগ্রহণমূলক পদ্ধতিতে ও অগ্রগণ্যতার বিচারে জনগোষ্ঠীর প্রয়োজনভিত্তিক এই স্কীমের প্রস্তাবনা রচনা করার নির্দেশক তৈরী করবেন।
- ◆ কার্যক্ষেত্রে পরিদর্শনে গিয়ে জনগোষ্ঠীর মধ্য থেকে চিহ্নিতকরে 'সহায়ক দল' (পিয়ার গ্রুপ) তৈরী করবেন যাঁরা জনগোষ্ঠীকে স্বাস্থ্য সম্বন্ধে অবহিত করতে প্রধান ভূমিকা নেবেন।
- ◆ স্কীমের সমস্ত কার্যকলাপে যাতে মহিলারা বেশিমাাত্রায় অংশগ্রহণ করেন সেই উদ্দেশ্যে দিশা দেখাবেন।
- ◆ এন.জি.ও. ও সি.বি.ও. দের চিহ্নিতকরণের জন্য সাহায্য করবেন এবং ঐ সব সংস্থার সাথে নিবিড় যোগাযোগ রাখবেন যাতে সংস্থাগুলিকে স্কীমের কার্যকলাপের মধ্যে সংযুক্ত করে উদ্দেশ্যজনিত কার্যাবলী আরও শক্তিশালী করা যায় এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষণের কাজে সহায়তা পাওয়া যায়।



- ◆ বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম করার জন্য সি.ডি.ও.কে সঠিক উপদেশ দেবেন।
- ◆ মিউনিসিপ্যাল হেল্থ ফান্ড গঠনের জন্য পৌরসভাগুলি যাতে কার্যকরী পদক্ষেপ নেন সে বিষয়ে সাহায্য করবেন।
- ◆ বিভিন্ন ষ্টোরের জন্য ষ্টক লেজার রক্ষণাবেক্ষণ এবং ১১টি পৌরসভাতে পাঠানোর জন্য জিনিসপত্রের তালিকা তৈরী করা ও লেনদেনের খতিয়ান রাখার জন্য প্রজেক্ট অফিসারের কাছে দায়বদ্ধ থাকবেন।
- ◆ সি.সি.সি. - র রিভিউ মিটিং-এ অংশগ্রহণ করবেন।
- ◆ স্কীমটির কাজ যাতে সময় অনুসারে ঠিকমতো এগিয়ে চলে তা নিরীক্ষণ করার জন্য এম.এম.সি.-র সি.ডি.ও. - দের সাথে যোগাযোগ রাখবেন।
- ◆ ১১টি পৌরসভার সি.ডি.ও.-দের সাহায্য করবেন যাতে সি.ডি.ও.-রা এ.সি.এম.ও.এইচ., সি.এম.ও.এইচ., ডেপুটি সি.এম.ও.এইচ. এবং জেলার স্বাস্থ্য দপ্তরের অন্যান্য অফিসার, আই.সি.ডি.এস.-এর প্রজেক্ট অফিসার ও সি.ডি.পি.ও.-র সাথে যোগাযোগ রক্ষা করে আই.ই.সি.-র জন্য প্রয়োজনীয় জিনিসপত্র সংগ্রহ করতে পারেন এবং স্বাস্থ্য, পুষ্টি বিষয়ক আধুনিক বার্তা ও বর্তমানে নেওয়া কৌশল সম্বন্ধে জানতে পারেন।
- ◆ আই.ই.সি.-র কার্যাবলীর কর্মসূচী রূপায়িত করার বিষয়ে পৌরসভাগুলিকে সাহায্য করবেন।
- ◆ তৃণমূলস্তরে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা পৌছানোতে সহায়তা করবেন।
- ◆ স্বাস্থ্য পরিষেবা গ্রহণে অনিচ্ছুক ও বিমুখ ব্যক্তিদের মানসিকতা পরিবর্তনের জন্য উপদেশ ও পরামর্শ সভার আয়োজন করতে সাহায্য করবেন।
